# রাষ্ট্রপতি মির্জা ফখরুলের সঙ্গে সৌদির রাষ্ট্রদূতের সৌজন্য বৈঠক



ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ড. আব্দুল্লাহ জাফর এইচ বিন আবিয়া। দায়িত্ব গ্রহণের পর কোনো বিদেশি কূটনীতিকের সঙ্গে রাষ্ট্রপতির এটি প্রথম সাক্ষাৎ।

সোমবার (২৪ আগস্ট) দুপুরে বঙ্গভবনে অনুষ্ঠিত বৈঠকে সৌদি বাদশাহ সালমান বিন আব্দুল আজিজ ও ক্রাউন প্রিন্স মোহাম্মাদ বিন সালমানের পক্ষ থেকে রাষ্ট্রপতিকে দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন জানান সৌদি রাষ্ট্রদূত। রাষ্ট্রপতির প্রেস সচিব মো. সরওয়ার আলম গণমাধ্যমকে এ তথ্য জানান।

সৌদি রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি বৈশ্বিক জ্বালানি সংকটের প্রেক্ষাপটে বাংলাদেশের পাশে থাকার জন্য সৌদি আরবের সহযোগিতা কামনা করেন। একই সঙ্গে দুই দেশের সরকারি ও বেসরকারি পর্যায়ে বাণিজ্য ও বিনিয়োগের পরিমাণ বাড়ানোর ওপর গুরুত্ব দেন তিনি।

বৈঠকে বাংলাদেশি হজযাত্রীদের ভ্রমণ আরও সহজ ও স্বাচ্ছন্দ্যময় করার বিষয়টিও উঠে আসে। বিশেষ করে মিনায় গোসলখানা ও শৌচাগারের সুযোগ-সুবিধা উন্নত করার জন্য সৌদি কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান রাষ্ট্রপতি। জবাবে সৌদি রাষ্ট্রদূত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন।

সৌদি আরবে বর্তমানে ৩৫ লাখের বেশি বাংলাদেশি কর্মরত রয়েছেন উল্লেখ করে তাদের কর্মসংস্থানের সুযোগ দেওয়ায় সৌদি সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন মির্জা ফখরুল। ভবিষ্যতেও বাংলাদেশ থেকে অগ্রাধিকার ভিত্তিতে আরও জনশক্তি নেওয়ার অনুরোধ জানান তিনি।

রাষ্ট্রপতি সৌদি রাষ্ট্রদূতের মাধ্যমে বাদশাহ সালমান বিন আব্দুল আজিজ ও ক্রাউন প্রিন্স মোহাম্মাদ বিন সালমানকে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান।

দুই দেশের সম্পর্ককে অত্যন্ত ঘনিষ্ঠ ও বন্ধুত্বপূর্ণ উল্লেখ করে রাষ্ট্রপতি দ্বিপক্ষীয় সহযোগিতা আরও সম্প্রসারণের ওপর জোর দেন। একই সঙ্গে সৌদি বাদশাহ ও ক্রাউন প্রিন্সের নেতৃত্বের প্রশংসা করে মুসলিম উম্মাহর কল্যাণে তাদের ভূমিকার জন্য শুভেচ্ছা জানান এবং সৌদি আরবের প্রতি বাংলাদেশের সংহতি প্রকাশ করেন।

সাক্ষাতে সৌদি রাষ্ট্রদূত বাংলাদেশের জন্য জ্বালানি, সহায়তা ও বিনিয়োগের ক্ষেত্রে সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দেন।

বঙ্গভবনের এ বৈঠকে রাষ্ট্রপতির সচিব, সামরিক সচিব, প্রেস সচিব এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।